

পরিপত্র


বিষয়ঃ ২০১৯-২০ অর্থবছরের জুন মাসে ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।

সূত্রঃ অর্থ বিভাগের ১৭ মে ২০২০ খ্রিঃ তারিখের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০২.২০.০০৬.২০১৯-১১৫

২০১৯-২০ অর্থবছরে সূত্রোক্ত পরিপত্র অনুসারে ইস্যুকৃত চেকসমূহের মধ্যে কিছু সংখ্যক যথাসময়ে ব্যাংকে জমা না দেওয়ায় চেকের মেয়াদ উত্তীর্ণ হয়। এ পরিপ্রেক্ষিতে চেক প্রাপকগণ যাতে তাঁদের পাওনা থেকে বঞ্চিত না হন সেজন্য সরকার জুন মাসে ইস্যুকৃত চেক নগদায়নের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- (ক) বেতন-ডাভা, পেনশন, জিপি ফান্ড এবং ভ্রমণ সংক্রান্ত ব্যক্তিগত পাওনা পরিশোধের লক্ষ্যে ইস্যুকৃত মেয়াদ উত্তীর্ণ চেকসমূহ চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আগস্ট ২০২০ মাসের মধ্যে জমা প্রদান করতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হয়ে থাকলে উক্ত চেক বাতিল করে নতুন চেক ইস্যুর ব্যবস্থা গ্রহণ করবেন;
- (খ) উপানুচ্ছেদ-(ক) এ উল্লিখিত চেকসমূহের বাইরে অন্যান্য তামাদি চেক পুনরায় ইস্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার বিভাগীয় প্রধান কর্তৃক চেক সময়মত না ডাঙ্কানোর কারণ এবং এ সংক্রান্ত কাজ ও সরবরাহ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রত্যয়নসহ আগস্ট ২০২০ মাসের মধ্যে চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করতে হবে। তবে ১,০০,০০০/- (এক লক্ষ) বা তদুর্ধ্ব অঙ্কের চেকের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব (Principal Accounting Officer) এর প্রত্যয়ন নিতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ আবেদনসমূহ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হলে উক্ত চেক বাতিল করে নতুন চেক জারির ব্যবস্থা গ্রহণ করবেন;
- (গ) মেয়াদ উত্তীর্ণ চেক আগস্ট ২০২০ মাসের পরে পুনরায় ইস্যু করার বিষয়ে সম্মতির জন্য নিম্নোক্ত তথ্যাবলীসহ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবেঃ
- (গ.১) উপানুচ্ছেদ-(ক) সংশ্লিষ্ট চেকের ক্ষেত্রে প্রস্তাবের সাথে মূল চেক (প্রযোজ্য ক্ষেত্রে), চেক সময়মত না ডাঙ্কানোর কারণ, চেক নগদায়ন করা হয়নি মর্মে চেক ইস্যুকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন, ব্যাংকের নন-পেমেন্ট সার্টিফিকেটসহ প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (গ.২) উপানুচ্ছেদ-(খ) সংশ্লিষ্ট চেকের ক্ষেত্রে প্রস্তাবের সাথে মূল চেক (প্রযোজ্য ক্ষেত্রে), চেক সময়মত না ডাঙ্কানোর কারণ এবং এ সংক্রান্ত কাজ ও সরবরাহ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার বিভাগীয় প্রধান/সচিব (Principal Accounting Officer) এর প্রত্যয়ন, চেক নগদায়ন করা হয়নি মর্মে চেক ইস্যুকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন, ব্যাংকের নন-পেমেন্ট সার্টিফিকেটসহ প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

২। নতুন চেক ইস্যুর এ কার্যক্রম আগস্ট ২০২০ মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তাগণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ভিত্তিক জমাকৃত মেয়াদোত্তীর্ণ চেকের স্থলে ইস্যুকৃত নতুন চেকের তালিকা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ করবেন।



(সিরাজুল নূর হোসেন)

যুগ্ম সচিব (বাজেট-১)

ফোনঃ ৯৫৭৬০৪৩

ই-মেইলঃ noors@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব/সচিব.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৬। হিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার, (সকল)।
- ১০। রেজিষ্টার, বাংলাদেশের সূপ্রীম কোর্ট, সূপ্রীমকোর্ট, ঢাকা।
- ১১। মহাপরিচালক, রেলওয়ে অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। মহাপরিচালক, ডাক, তার ও দুরালাপনি অডিট অধিদপ্তর, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। মহাপরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৫। মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৬। মহাপরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৭। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৮। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৯। মহাপরিচালক, দূতাবাস অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ২০। মহাপরিচালক, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২১। প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা.....(সকল)।
- ২২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৩। অফিস কপি।